সংবাদ

তারিখ 24 APR 2007
পৃষ্ঠা ১০ কলাম ৮

# শিক্ষা সপ্তাহ উপলক্ষে শিক্ষার্থীদের র‍্যালি

নিজস্ব বার্তা পরিবেশক :

সবার জন্য শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে ইউনেস্কো ঢাকার সহযোগিতায় বাংলাদেশে ইউনেস্কো জাতীয় কমিশনের উদ্যোগে গতকাল সোমবার সকালে পলাশী-নীলক্ষেতে ব্যানবেইস ভবন থেকে শহীদ মিনার পর্যন্ত স্কুলের ছাত্রছাত্রীদের এক র‍্যালি অনুষ্ঠিত হয়।

শিক্ষা বিস্তারে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই র‍্যালিতে শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোহাম্মদ আশরাফুল মকবুলসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিএনসিইউ, ইউনেস্কো ঢাকা, ইউনেস্কো ক্লাব ও বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রী ও শিক্ষকরা, এনজিও, গার্ল গাইডস ও রোভার স্কাউটের প্রতিনিধিরা এতে অংশগ্রহণ করে।

বর্ণাঢ্য র‍্যালিতে ছাত্রছাত্রীরা শিক্ষা বিস্তারের লক্ষ্যে বিভিন্ন প্লাকার্ড ও ফেস্টুন বহন করে। সেগুলোতে লেখা ছিল শিক্ষা জাতির মেরুদণ্ড, শিক্ষা মানুষের মৌলিক অধিকার, এডুকেশন ফর অল, এডুকেশন রিমোভ ডার্কনেস প্রভৃতি।




শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে গতকাল সোমবার সকালে পলাশী-নীলক্ষেতে ব্যানবেইস ভবন থেকে শহীদ মিনার পর্যন্ত স্কুলের ছাত্রছাত্রীদের এক র‍্যালি অনুষ্ঠিত হয়